গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০০.৪০০.১৯.০০১৭.২৫- ৯৩২৫

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক কমিটি গঠন এবং এর আলোকে কার্যক্রম গ্রহণ।**

**সূত্র : স্মারক নম্বর ৩৮.০০.০০০০.০০০.০০৮.০০০১.১৭-৩৫০, তারিখ ২১ জুন ২০২৬ খ্রি:**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়** কর্তৃক সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়ন, কর্মরত সকল শিক্ষকের বদলি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও পর্যালোচনাপূর্বক নিষ্পত্তিকরণের লক্ষ্যে জাতীয়, অন্ত:বিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত), জেলা (পৌরসভাসহ তবে সিটি কর্পোরেশন ব্যতীত), উপজেলা/থানা (পৌরসভাসহ) কমিটির গঠন ও কার্যপরিধিসহ প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। উল্লিখিত প্রজ্ঞাপনের আলোকে অবিলম্বে বর্ণিত কমিটিসমূহ গঠনপূর্বক কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ।

২০।৭।২০২৬
মাহফুজা খাতুন
সহকারী পরিচালক (প: ও অ:)

বিতরণ:
১। উপপরিচালক (সকল),
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৩। থানা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭। সংরক্ষণ নথি

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭-৩৫০

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩ / ২১ জুন ২০২৬

## প্রজ্ঞাপন

সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়ন, কর্মরত সকল শিক্ষকের বদলি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা এবং পর্যালোচনাপূর্বক নিষ্পত্তিকরণের লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

**(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক জাতীয় কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - | সভাপতি |
| খ. যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| গ. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন;

২. যে সকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. আন্তঃ বিভাগে ও সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক চূড়ান্ত তালিকা প্রশাসনিক অনুমোদনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**(খ) অন্তঃ বিভাগ (সিটি কর্পোরেশন ব্যতীত) প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. বিভাগীয় কমিশনার | - | সভাপতি |
| খ. বিভাগীয় উপপরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা) | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন;

২. যেসকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. একই বিভাগের মধ্যে (সিটি কর্পোরেশন ব্যতীত) সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক বিভাগীয় কমিটির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**(গ) জেলা (পৌরসভাসহ তবে সিটি কর্পোরেশন ব্যতীত) পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ে নবনিয়োগপ্রাপ্ত শিক্ষকদের পদায়ন, কর্মরত শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. জেলা প্রশাসক | - | সভাপতি |
| খ. জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)-এর কার্যালয়ে প্রেরণ করবেন;

২. এই কমিটি নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের লটারির মাধ্যমে উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন;

৩. যেসকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৪. একই জেলার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক জেলা কমিটির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**(ঘ) উপজেলা/থানা (পৌরসভাসহ) পর্যায়ে প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| খ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন; এবং

২. যে সকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. একই উপজেলা/থানার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক উপজেলা/থানা কমিটির অনুমোদন সাপেক্ষে উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

২.০ **কমিটিসমূহ বদলি/সংযুক্তির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করবে:**

ক. চাকুরির মেয়াদ ন্যূনতম ২ (দুই) বছর পূর্ণ না হলে কোনো সহকারী শিক্ষক/শিক্ষিকা বদলিযোগ্য বিবেচিত হবেন না। যে কোনো বদলির পর ০৩ (তিন) বছর অতিক্রম না হলে কোনো শিক্ষক পুনঃবদলির জন্য বিবেচিত হবেন না;

খ. সংশ্লিষ্ট বিদ্যালয়ে শুধু শূন্য পদের বিপরীতে বদলি করা যাবে;

গ. কোনো শিক্ষকের আবেদন ব্যতীত নিজ বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলি করা যাবে না। তবে, জনস্বার্থে/প্রশাসনিক কারণে জাতীয় কমিটির অনুমোদন সাপেক্ষে বদলি করা যাবে;

ঘ. যে সকল বিদ্যালয়ে ০৫ (পাঁচ) জন বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত আছেন কিংবা শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৪০ এর বেশি রয়েছে, সে সকল বিদ্যালয় থেকে শিক্ষক বদলি করা যাবে না;

ঙ. একই বিদ্যালয়ে একাধিক শিক্ষক বদলির আবেদন করলে যথাক্রমে জ্যেষ্ঠ শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন;

চ. একটি বিদ্যালয়ে সর্বোচ্চ ৩ (তিন) জন শিক্ষককে সংযুক্তি পদায়ন করা যাবে; এবং

ছ. বদলির ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে শিক্ষিকাগণ স্থায়ী ঠিকানা/স্বামীর স্থায়ী ঠিকানার নিকটবর্তী বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

৩.০ **জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং যা অবিলম্বে কার্যকর হবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে

(রাজীব কুমার সরকার)
উপসচিব
ফোন: +৮৮-০২২২৩৩৫৭২৫৫
ইমেইল-sassch2@mopme.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৭. জেলা প্রশাসক (সকল জেলা)।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটির ২০০০ কপি গেজেট আকারে মুদ্রণের অনুরোধসহ)।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), (সকল জেলা)।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
১৩. বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা)।
১৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা)।
১৮. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা)।
১৯. অফিস কপি।

(রাজীব কুমার সরকার)
উপসচিব